

একই নম্বর ও তারিখে প্রতিস্থাপন
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

বিজ্ঞপ্তি

নং- ৮০.১০৫.০০৩.২৭.০৫.০৫০.২০১৪-৯৯)

২৫ মাঘ ১৪২৪ বঙ্গাব্দ
তারিখঃ ২৫ জানুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়ঃ বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের অধীন জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগের অধীনস্থ হাইড্রোকার্বন ইউনিটের ১ম শ্রেণির সহকারী পরিচালক (পিএসসি ও রিফর্মস) এবং সহকারী পরিচালক (পরিকল্পনা) পদে নিয়োগের জন্য প্রার্থীদের লিখিত পরীক্ষার সময়সূচী ও নির্দেশাবলী।

বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের অধীন জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগের অধীনস্থ হাইড্রোকার্বন ইউনিটের ১ম শ্রেণির সহকারী পরিচালক (পিএসসি ও রিফর্মস) এবং সহকারী পরিচালক (পরিকল্পনা) পদে (১১.০২.২০১৫ খ্রিঃ তারিখের বিজ্ঞপ্তি নং ৩২ ও ৩৩) নিয়োগের জন্য যোগ্য প্রার্থীদের লিখিত পরীক্ষা নিম্ন বর্ণিত তারিখ, সময় ও স্থানে অনুষ্ঠিত হবে।

লিখিত পরীক্ষার স্থানঃ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।

লিখিত পরীক্ষার তারিখ ও সময়ঃ ১৩.২.২০১৮ খ্রিঃ, মঙ্গলবার, দুপুর ১:৩০ মিনিট থেকে বিকাল ৪:৩০ মিনিট পর্যন্ত।

পরীক্ষা সংক্রান্ত নির্দেশাবলীঃ

১. উভয় পদে সাময়িকভাবে যোগ্য প্রার্থীদের বর্তমান ঠিকানায় ইতোমধ্যে ডাকযোগে প্রবেশপত্র প্রেরণ করা হয়েছে। নির্দিষ্ট সময়ের মধ্যে কোন প্রার্থী প্রবেশপত্র পেয়ে না থাকলে পাসপোর্ট সাইজের ২ কপি সত্যায়িত ছবি সহ আগামী ৭ ও ৮ ফেব্রুয়ারী, ২০১৮ তারিখে কমিশন সচিবালয়ের প্রধান কার্যালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা হতে সকাল ১০:০০ টা থেকে বিকাল ৪:০০ টা এর মধ্যে ইউনিট-৫ থেকে ডুপ্লিকেট প্রবেশপত্র সংগ্রহ করতে পারবেন। বাতিল ও যোগ্য প্রার্থীদের তালিকা কমিশনের ওয়েব সাইটে পাওয়া যাবে। বাতিলকৃত প্রার্থীদের পরীক্ষা কেন্দ্রে না আসার জন্য অনুরোধ করা হলো। প্রবেশপত্র ব্যতীত কোন প্রার্থী পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবেন না। কোন প্রার্থীর আবেদনপত্রে গুরুতর (Substantive) ত্রুটি ধরা পড়লে পরীক্ষার আগে বা পরে যে কোন পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল হবে।

২. উক্ত লিখিত পরীক্ষা লিখোকোড সংবলিত উত্তরপত্রে গ্রহণ করা হবে। উত্তরপত্রে লিখোকোড ফরম পূরণ ও পরীক্ষা সম্পর্কিত নির্দেশাবলী সংবলিত বিজ্ঞপ্তি কমিশনের www.bpsc.gov.bd ওয়েব সাইটে পাওয়া যাবে। এর জন্য ভিন্ন ভাবে কোন বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে না।

৩. পরীক্ষায় সাধারণ ক্যালকুলেটর (সাইন্টিফিক ক্যালকুলেটর নয়) ব্যবহার করা যাবে। বই পুস্তক, ব্যাগ, মোবাইল ফোন, ঘড়ি বা কোন ইলেকট্রনিক যন্ত্রপাতি সাথে আনা যাবে না।

৪. পরীক্ষার নির্ধারিত সময়ের অন্ততঃ ১৫ মিনিট পূর্বে আসন গ্রহণ করতে হবে। পরীক্ষা শুরুর ১৫ মিনিট পর কোন পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শুরু হওয়ার ১ (এক) ঘন্টার মধ্যে কোন পরীক্ষার্থীর পরীক্ষা কক্ষ ত্যাগ করা নিষিদ্ধ।

৫. ভূয়া পরীক্ষার্থীদের বিরুদ্ধে বিশেষ অভিযান চালানোর ব্যবস্থা করা হয়েছে। প্রবেশপত্রের ছবির সঙ্গে প্রার্থীর চেহারার মিল না থাকলে পরীক্ষার্থীকে বহিষ্কার করা হবে।

৬. পরীক্ষায় নকল বা কোন ধরনের অসদুপায় অবলম্বন বা অসদাচরণের জন্য পরীক্ষার্থীকে হল থেকে বহিষ্কার করা হবে। নকল বা অন্য কোন অসদুপায় অবলম্বন বা কোন অসদাচরণের জন্য দোষী সাব্যস্ত হলে তাকে ভবিষ্যতে কমিশন কর্তৃক বিজ্ঞাপিত অন্য কোন পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না এবং কমিশন কর্তৃক বিজ্ঞাপিত অন্য কোন পদের জন্য তিনি আবেদন করতে পারবেন না। তাছাড়া ক্ষেত্র বিশেষে মামলা দায়ের পূর্বক আইন প্রয়োগকারী সংস্থার হাতেও উক্ত প্রার্থীকে সোপর্দ করা হবে।

❖ পড়াশুনা এবং জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন।

❖ চাকরীর ক্ষেত্রে কোনরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

(স্বাক্ষর)
২৫.০২.২০১৮
[শেখ শাখাওয়ার হোসেন]
পরীক্ষা নিয়ন্ত্রক [নন-ক্যাডার]
অতিরিক্ত সচিব